সু-খবর

সোনালী

আল্লাহ্ আমাদের ভালবাসেন ও সৃষ্টি করলেন যেন আমরা তাঁর সঙ্গে বেহেস্তে চিরকাল থাকতে পারি।

ইউহোন্না ৩:১৬ - আল্লাহ্ মানুষকে এত মহব্বত করলেন যে, তার একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপর ঈমান আনে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়।

কালো

আমাদের গুনা দিয়ে আমরা আল্লাহ্কে অপমান করে তার কাছ থেকে আলাদা হয়েছি।

রোমীয় ৩:২৩ - সবাই গুনাহ্ করেছে এবং আল্লাহ্র প্রশংসা পাবার অযোগ্য হয়ে পড়েছে।

লাল

হযরত ঈসা ক্রুশের উপরে আমাদের গুনাহের শাস্তি নিয়ে প্রাণ দিলেন তারপর তৃতীয় দিনে মৃত্যু থেকে জীবিত হয়ে উঠলেন।

রোমীয় ৫:৮ - আল্লাহ্ যে আমাদের মহব্বত করেন তার প্রমান এই যে, আমরা গুনাহ্গার থাকতেই মসীহ্ আমাদের জন্য প্রাণ দিয়েছিলেন।

সাদা

যে কেউ হযরত ঈসার উপর ঈমান আনে সে গুনার মাফ পাবে ও আল্লাহ্র সন্তান হবে এবং তাঁর সঙ্গে বেহেস্তে চিরকাল থাকবে।

ইউহোন্না ১:১২ - যতজন তার উপর ঈমান এনে তাকে গ্রহণ করল তাদের প্রত্যেককে তিনি আল্লাহ্র সন্তান হবার অধিকার দিলেন।

সবুজ

যখন আমরা আল্লাহ্র ও বিশ্বাসী ভাই বোনেদের সঙ্গে সময় কাটাই তখন তার সন্তান হিসেবে বেড়ে উঠি।

২ পিতর ৩:১৮ - তোমরা আমাদের প্রভু ও নাজাতদাতা ঈসা মসীহের রহমতে ও তার সম্বন্ধে জ্ঞানে বেড়ে উঠতে থাক।